# উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ নাজমা জাহানুর
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ২৪/০৫/২০২২খ্রিঃ। সভার সময় ঃ দুপুর- ২.১৫ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা ফরেস্টার, বন বিভাগ, বদগঞ্জ কে অনুরোধ জানান। উপজেলা ফরেস্টার, বন বিভাগ, বদগঞ্জ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | উপজেলা ফরেস্টার, বন বিভাগ বদগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের মধ্যে বন বিভাগের কার্যালয় বদরগঞ্জ, রংপুর দৃঘদিন ধরে মেরামত/সংস্কার না হওয়ায় দপ্তরিক কার্যক্রম পরিচালনা করা অতি কষ্টকর হয়ে পড়েছে। উপজেলা পরিষদ হতে যে কোন প্রকল্পের বরাদ্দের অর্থ হতে অফিসটি মেরামত করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে সকলকে অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের মধ্যে বন বিভাগের কার্যালয় বদরগঞ্জ, রংপুর এর অফিসটি মেরামত/সংস্কার করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০২। | সভাপতি সভায় জানান যে, উপজেলা বিভিন্ন সরকারি রাস্তার পাশে ব্যপক ভাবে ফলজ, বনজ, ঔষধি গাছের চারা সহ তাল গাছের চারা ও নারিকেল গাছের চারা রোপনের অতিব প্রয়োজন। উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে সকলকে অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহের জন্য গভীর/৬নং তারা ও হ্যান্ড টিউবয়েল/অগভীর নলকুপ স্থাপনের সাথে সাথে ল্যাট্রিন স্থাপনের জন্য রিং ও সেলাপ সরবরাহ করার জন্য পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৩। | উপজেলা ফরেস্টার, বন বিভাগ বদগঞ্জ সভায় জানান যে, উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে, বিভিন্ন সরকারি রাস্তার ধারে ও খেলার মাঠের পাশে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা প্রয়োজন। উপজেলা যে কোন প্রকল্প হতে বরাদ্দের জন্য উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের জন্য মতামত চান। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে, বিভিন্ন সরকারি রাস্তার ধারে ও খেলার মাঠের পাশে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ০৪। | সভাপতি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা প্রতিটি ইউনিয়নে তাল গাছের চারা ও নারিকেল গাছের চারা রোপনের প্রয়োজন। এই বিষয়ে সন্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আবেদনের মাধ্যমে অবগত করতে হবে এবং পরিষদ সভায় উপস্থাপন করা অতিব প্রয়োজন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা প্রতিটি ইউনিয়নে তাল গাছের চারা ও নারিকেল গাছের চারা রোপনের জন্যপরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

সভাপতি আগামী সভায় সংশ্লিষ্ট সকল সদস্য কে আগামীসভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নাজমা জাহানুর)
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ,রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকর
উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ২০২২-

তারিখ ঃ ২৪/০৫/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য , ২০ রংপুর-২(বদরগঞ্জ-তারাগঞ্জ)।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক,রংপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার,রংপুর।
৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বদরগঞ্জ,রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৭-৮। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা),উপজেলা পরিষদ,বদরগঞ্জ,রংপুর।
৯। উপজেলা . ....................................অফিসার,বদরগঞ্জ,রংপুর।
১০। চেয়ারম্যান,....................................................ইউ.পি,(সকল)বদরগঞ্জ, রংপুর।
১১। জনাব ..........................................সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ,বদরগঞ্জ,রংপুর।
১২। অফিস নথি।

২৪।৫।২২

(মোঃ মোর্শেদ আলম)
উপজেলা ফরেস্টার
বন বিভাগ
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ,রংপুর।